

আমরা পথে পথে যাব সারে সারে,
তোমার নাম গেয়ে ফিরিব দ্বারে দ্বারে ॥
বলব 'জননীকে কে দিবি দান,
কে দিবি ধন তোরা কে দিবি প্রাণ' -
'তোদের মা ডেকেছে' কব বারে বারে ॥
তোমার নামে প্রাণের সকল সুর
আপনি উঠবে বেজে সুধামধুর
মোদের হৃদয়যন্ত্রেরই তারে তারে ।
বেলা গেলে শেষে তোমারই পায়ে
এনে দেব সবার পূজা কুড়ায়ে
তোমার সন্তানেরই দান ভারে ভারে ॥

Parjaay: Swadesh, Taal: Ektaal, Raag: Bhairavi-Kalingara
Visit www.geetabitan.com for notation and other detail